

মির্জাপুরে এক লাখ শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে বই বিতরণের কাজ শুরু

■ মির্জাপুর (টাসাইল) সংবাদদাতা

মির্জাপুর উপজেলার মাধ্যমিক, প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসার প্রায় এক লাখ ছাত্র-ছাত্রীর হাতে বিনামূল্যে সরকারি বই বিতরণের কাজ শুরু হয়েছে। নতুন বছর শুরু হতে আগের এবং আগামী শিক্ষাবর্ষের প্রথম দিনে ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে এ বই বিতরণের জন্য স্থানীয় প্রশাসন ব্যাপক উদ্যোগ হাতে নিয়েছে বলে শিক্ষা অফিস সূত্র জানিয়েছে।

প্রতিদিন উপজেলা প্রশাসন থেকে ট্রাক ও ড্যানে করে বই নিয়ে যাচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা। প্রায় এক লাখ ছাত্র-ছাত্রী হাতে বছরের প্রথম দিনেই হাতে বই পায় সে লক্ষ্যে স্থানীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, চলতি

বছর মির্জাপুর উপজেলার ৫৯টি মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত প্রায় ৪০ হাজার ছাত্র-ছাত্রীর জন্য ৬ লাখ ৯০ হাজার বইয়ের চাহিদা দেয়া হয়েছিল। এরমধ্যে অধিকাংশ বই এসে পৌঁছে গেছে। সরকারি নির্দেশনা মতো বই আসার সঙ্গে সঙ্গে বিভিন্ন বিদ্যালয়ে পৌঁছে দেয়া হচ্ছে। ১৪টি মাদ্রাসার প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রীর জন্য বইয়ের চাহিদা দেয়া হয়েছিল ৭০ হাজার। এর মধ্যে অধিকাংশ বই চলে আসায় মাদ্রাসার শিক্ষকদের হাতে বই তুলে দেয়া হচ্ছে বলেও শিক্ষা অফিস সূত্র জানায়।

অপর দিকে প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, প্রথম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ৫৪ হাজার ছাত্র-ছাত্রীর জন্য মোট বইয়ের চাহিদা পাঠানো হয়েছে প্রায় ২ লাখ ৭০ হাজার। ১৩ ডিসেম্বর পর্যন্ত প্রায় এক লাখ বই এসে পৌঁছে গেছে। বই আসার সাথে সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো হচ্ছে।